

**বিকেএসপির ফুটবল বিভাগের প্রাক্তন ক্যাডেটদের প্রথম পুনর্মিলনী উৎসব ২০২৪ অনুষ্ঠিত**

০১ মার্চ ২০২৪ ইং, বিকেএসপিতে বিকেএসপির ফুটবল বিভাগের প্রাক্তন ক্যাডেটদের প্রথম পুনর্মিলনী উৎসব ২০২৪ অনুষ্ঠিত হয়। শতাধিক প্রাক্তন ফুটবলাররা তাদের প্রশিক্ষক, শিক্ষক ও কর্মকর্তাদের সাথে নিয়ে প্রথমে র্যালি, স্মৃতিচারণ অনুষ্ঠানে মিলিত হন। বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন স্মৃতিচারণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। পরে বাদ জুম্মা প্রায়ত কোচদের আত্মার শান্তি ও মাগফেরাৎ কামনা করে দোয়া করা হয়। বিকেলে সদ্য প্রয়াত বিকেএসপির সাবেক কোচ মোঃ মনসুর আহমেদ ও কাজী রফিক দিপু এর স্মরণে এক প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়। খেলা শেষে সাবেক ফুটবলার মোহাম্মদ জসিম উদ্দিন কে সভাপতি, সাইফুর রহমান মনিকে সাধারণ সম্পাদক ও আকরাম হোসেনকে সাংগঠনিক সম্পাদক করে ৩৫ সদস্য বিশিষ্ট ফুটবলার্স এসোসিয়েশন অব বিকেএসপি (ফ্যাব) গঠন করা হয়। সংগঠনটি বিকেএসপির বর্তমান ও সাবেক খেলোয়াড়, কর্মকর্তা-কর্মচারীদের ওয়েল ফেয়ার ও দেশের ফুটবলের উন্নয়নে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করে। উল্লেখ্য বিকেএসপির সাবেক তথা জাতীয় দলের সাবেক খেলোয়াড় জাহিদুর রহমান খান কাকন ও মোঃ বখতিয়ার পুনর্মিলনী উৎসবের সার্বিক সহযোগিতায় বিশেষ ভূমিকা রাখেন।



**ইয়াং টাইগার্স অ-১৪ জাতীয় ক্রিকেটে বিকেএসপি চ্যাম্পিয়ন**

গত ১ মার্চ ২০২৪, ইয়াং টাইগার্স অ-১৪ জাতীয় ক্রিকেট প্রতিযোগিতা ২০২৩-২৪ চ্যাম্পিয়ন বিকেএসপির ক্ষুদ্র ক্রিকেটারদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন মহাপরিচালক ব্রি. জে. সৈয়দ মোঃ মোতাহের হোসেন। উল্লেখ্য গত ২৮ ফেব্রুয়ারি, খুলনা আবু নাসের স্টেডিয়ামে অনুষ্ঠিত ইয়াং টাইগার্স অ-১৪ ক্রিকেট টুর্নামেন্টে বিকেএসপি দল খুলনা দলকে ৩২ রানে পরাজিত করে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে। সিমিত ওভারের এ খেলায় বিকেএসপি প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ১৫৬/৮ রান করে। জবাবে খুলনা ৫০ ওভারে ১২৪/৯ রান করতে সমর্থ হয়। বিকেএসপি দলের লরেন্স রায় ৮০ রান করে প্লেয়ার অব দ্যা ম্যাচ নির্বাচিত হন। বোলিং এ সেমি ফাইনালের প্লেয়ার অব দ্যা ম্যাচ জীবন রহমান ১০ ওভারে ১ মেডেন ২১রানে ৩ উইকেট নেন।



## জাতীয় জুডোতে বিকেএসপির মেয়েদের সাফল্য

৩৯ তম জাতীয় জুডো প্রতিযোগিতা (সিনিয়র) ২০২৪ এর চ্যাম্পিয়ন বিকেএসপির দলের খেলোয়াড় ও কোচদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি। মহাপরিচালক খেলোয়াড়দের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এ সময় তাঁর সাথে ছিলেন পরিচালক (প্রশিক্ষণ) কর্নেল মোঃ মিজানুর রহমান, পিএসসি। বিকেএসপি দলের পদক বিজয়ীরা হলেন- মনোয়ার হোসেন -৬০কেজিতে স্বর্ণ পদক, জুলিয়েট ত্রিপুরা -৪৪ কেজিতে স্বর্ণ পদক, মোছাঃ সোনিয়া -৪৮ কেজিতে স্বর্ণ পদক, মোছাঃ আনিকা আক্তার -৬৩ কেজিতে স্বর্ণ পদক, ফাবিহা বুশরা -৭০কেজিতে স্বর্ণ পদক, মুশফিকা খাতুন -৪৮ কেজিতে তাম্র পদক, সাদিয়া খাতুন বকুল -৫২ কেজিতে তাম্র পদক অর্জন করে।

জাতীয় জুডোর মেয়েদের বিভাগে আনসারের রাজত্ব কেড়ে নিয়েছে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)। গত ২৮ - ২৯ ফেব্রুয়ারি শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় দুই দিনব্যাপী খেলা শেষে ০৪টি স্বর্ণ ও ০২টি ব্রোঞ্জ জিতে চ্যাম্পিয়ন হয় বিকেএসপির জুডোকাররা। দুটি স্বর্ণ, পাঁচটি রুপা ও চারটি ব্রোঞ্জ জিতে রানার্সআপ বাংলাদেশ আনসারা।



৩৯তম জাতীয় জুডো প্রতিযোগিতা (সিনিয়র)-২০২৪ এর চ্যাম্পিয়ন বিকেএসপি দলের সাথে মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি।



## বিকেএসপি আয়োজিত প্রতিবন্ধী/ বিশেষ চাহিদাসম্পন্ন খেলোয়াড়দের ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪

বিকেএসপি আয়োজিত প্রতিবন্ধী/ বিশেষ চাহিদাসম্পন্ন খেলোয়াড়দের ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪ এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি। খেলা শেষে মহাপরিচালক পুরস্কার বিজয়ীদের পুরস্কৃত করেন। এ সময় তাঁর সাথে ছিলেন বিকেএসপির পরিচালক (প্রশিক্ষণ) কর্নেল মোঃ মিজানুর রহমান, পিএসসি ও সাবেক পরিচালক (প্রশিক্ষণ) ও বাংলাদেশ স্পেশাল অলিম্পিকের কান্ট্রি ডিরেক্টোর জনাব মোঃ ফারুকুল ইসলাম



## ১ম আন্তঃস্কুল জিমন্যাস্টিকস প্রতিযোগিতা-২০২৪ বিকেএসপি'র সাফল্য

বঙ্গবন্ধু ১ম আন্তঃস্কুল জিমন্যাস্টিকস প্রতিযোগিতা-২০২৪ এর পদক বিজয়ীদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি। প্রতিযোগিতায় বিকেএসপির জিমন্যাস্টরা ৪টি রৌপ্য ও ৩টি তাম্র পদক লাভ করে। মহাপরিচালক ক্ষুদ্রে এ জিমন্যাস্টদের অভিনন্দন জানান এবং ভবিষ্যতে আরও ভালো করার পরামর্শ দেন।



১ম আন্তঃস্কুল জিমন্যাস্টিকস প্রতিযোগিতা ২০২৪ এর পদক বিজয়ীদের সাথে মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি  
শাখা ০৬/০৬/২০২৪



## বিকেএসপিতে ঐতিহাসিক ৭ মার্চের কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় পালিত

বিকেএসপিতে ঐতিহাসিক ৭ মার্চের কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়। এরপর প্রতিষ্ঠানটির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন সকলকে সাথে নিয়ে বিকেএসপিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন, ছিল প্রশিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, প্রামাণ্যচিত্রপ্রদর্শনীও ৭মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচারা বিকেএসপির আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র গুলোতেও দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হয়।

